

বাংলাদেশ ভ্রমণে পাকিস্তানিদের 'ভিসা ক্লিয়ারেন্স' লাগবে না

- A Monitor Desk Report

Date: 22 February, 2025



ঢাকা: বাংলাদেশ ভ্রমণে পাকিস্তানি নাগরিকদের ভিসার জন্য ক্লিয়ারেন্স লাগবে না। সম্প্রতি বাংলাদেশ সরকার থেকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করে জানান, আগে পাকিস্তানি নাগরিকদের বাংলাদেশের ভিসার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ক্লিয়ারেন্স প্রয়োজন হতো। এই ক্লিয়ারেন্স ছাড়া তাদের ভিসা দেওয়া হতো না। সম্প্রতি বিষয়টি প্রত্যাহার করা হয়েছে। এখন ক্লিয়ারেন্স ছাড়াই পাকিস্তানিরা ভিসা পাচ্ছেন।

২০২৪ সালে পাকিস্তানিদের ভিসার জন্য ২ হাজার ক্লিয়ারেন্স দেওয়া হয়েছিল। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ক্লিয়ারেন্স পাওয়ার পরই কেবল তাদের ভিসা ইস্যু করা হতো। তবে এখন এ নিয়ম তুলে নেওয়া হয়েছে।

এদিকে পাকিস্তানও বাংলাদেশিদের জন্য ভিসা আরও সহজ করেছে। সম্প্রতি ১২৬টি দেশের জন্য ভিসা ফি মওকুফও করেছে পাকিস্তান। এ তালিকায় রয়েছে বাংলাদেশও।

-B